

## বনানী সামরিক কবরস্থানের নীতিমালা

১। সেনানিবাস কবরস্থানে সমাহিত হওয়ার প্রাধিকার। নিম্নবর্ণিত ব্যক্তিবর্গকে কর্মরত (**Posted**) স্টেশনের সেনানিবাস কবরস্থানে সমাহিত করা যাবেঃ

ক। সেনাবাহিনীতে চাকুরীরত/অবসরপ্রাপ্ত অফিসার/জেসিও/ওআরগন এবং তাদের পরিবার পরিজন (অর্থাৎ নিজ, স্বামী/স্ত্রী, ছেলে/মেয়ে, পিতা/মাতা ও শ্বশুর/শ্বাশুড়ী)।

খ। প্রতিরক্ষা খাত হতে বেতন প্রাপ্ত কর্মরত/অবসরপ্রাপ্ত বেসামরিক কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবার পরিজন(অর্থাৎ নিজ, স্বামী/স্ত্রী, ছেলে/মেয়ে, পিতা/মাতা ও শ্বশুর/শ্বাশুড়ী)। তবে প্রতিরক্ষা খাত হতে বেতন প্রাপ্ত কোন কর্মকর্তা/কর্মচারী অন্য কোন বিভাগ/মন্ত্রণালয়ে বদলি হয়ে গেলে বা অন্য বিভাগে/মন্ত্রণালয় হতে অবসর গ্রহন করলে তারা প্রাধিকারভুক্ত হবে না।

গ। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক নিয়ন্ত্রিত ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মরত/অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী এবং তাদের পরিবার পরিজন (অর্থাৎ নিজ, স্বামী/স্ত্রী, ছেলে/মেয়ে, পিতা/মাতা ও শ্বশুর/শ্বাশুড়ী)।

২। সেনানিবাস কবরস্থানে সমাহিত করার অনুমতি। সেনানিবাস কবরস্থানে সমাহিত করার জন্য নিম্নবর্ণিত নিয়ম অনুসরণ করতে হবেঃ

ক। সমাহিত করার জন্য সদস্যবর্গকে সংশ্লিষ্ট স্টেশন সদর দপ্তর হতে ক্রোড়পত্র ক এ প্রদত্ত ছক এর অনুচ্ছেদ ১০ এ অনুমতি গ্রহন করতঃ সংশ্লিষ্ট সিইও'র নিকট প্রেরণ করতে হবে।

খ। প্রতিরক্ষা খাত হতে বেতন প্রাপ্ত বেসামরিক কর্মকর্তা/কর্মচারীগনকে এবং ক্যান্টনমেন্ট বোর্ডে কর্মরত/অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগনকে সংশ্লিষ্ট সিইও'র নিকট হতে ক্রোড়পত্র ক এর প্রদত্ত ছক অনুযায়ী অনুমতি গ্রহন করতে হবে।

৩। কবরস্থান পুণঃ ব্যবহার করণ (অফিসার) সেনাবাহিনীতে চাকুরীরত/অবসরপ্রাপ্ত কোন অফিসার যদি একই কবরের জায়গা তার পরিবার পরিজনের (অর্থাৎ নিজ, স্বামী/স্ত্রী, ছেলে/মেয়ে, পিতা/মাতা ও শ্বশুর/শ্বাশুড়ী) জন্য পুনরায় ব্যবহার করতে চান তাহলে ধর্মীয় আনুষ্ঠানিকতা অনুযায়ী তা করা যাবে।

৪। কবর পাকা করণ। যে সমস্ত কবর ইতিমধ্যে পাকা করা হয়েছে সে সমস্ত কবর ছাড়া এখন হতে আর কোন কবর পাকা করা যাবে না।

৫। কবরস্থানের জায়গা সংরক্ষিত করণ। সেনানিবাস কবরস্থানে সমাহিত করার জন্য কোন জায়গা সংরক্ষিত (**reserve**) রাখা যাবে না।

৬। স্মৃতিফলক স্থাপন/নির্মান। আগ্রহী ব্যক্তিগন তাদের মৃত পরিবার-পরিজনের কবরে অস্থায়ী স্মৃতিফলক স্থাপন/নির্মান করতে পারবেন, যা আয়তনে ২'১-৬" হবে। উক্ত কবর পুনরায় ব্যবহারের সময় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক স্থাপিত ফলক অপসারণ করা হবে।

৭। কবরস্থান রক্ষনাবেক্ষণ ও চিহ্নিত করণ। সংশ্লিষ্ট ক্যান্টনমেন্ট বোর্ডের তত্ত্বাবধানে সেনানিবাস কবরস্থানের রক্ষনাবেক্ষণ/চিহ্নিত করণ করণ ক্যান্টনমেন্ট এ্যাক্ট ১৯২৪ এর রুল ১২৬ এবং ১৪৬ মোতাবেক সম্পন্ন করতে হবে। ইহা ছাড়াও ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সমাহিত ব্যক্তির যাবতীয় তথ্যাদি ক্রোড়পত্র খ তে দেখানো ছক অনুযায়ী একটি রেজিষ্টারে ও কম্পিউটারে সংরক্ষণ করতে হবে।

৮। সমাহিত করণ ও অন্যান্য আনুসাংগিক ব্যবস্থা। বা আ অ নং ১৪৮/৮৯ অনুযায়ী সংশ্লিষ্ট স্টেশন সদর দপ্তর কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করা হবে।